

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি নীতি)১২৫/২০১৩-৩৫

তারিখঃ ডিসেম্বর ১০, ২০১৩

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

অন-লাইন ব্যবস্থায় বৈদেশিক মুদ্রা লেনদেন রিপোর্টিং প্রসংগে।

সার্কুলার পত্র নং এফইপিডি (রপ্তানি)/২২০/২০১২-২৬৬ তারিখ ডিসেম্বর ০৯, ২০১২ এর প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ সার্কুলার পত্রে বৈদেশিক লেনদেন সংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালের মাধ্যমে প্রতিদিন ভিত্তিক রিপোর্ট করার নির্দেশনা জ্ঞাপিত রয়েছে।

০২। বিদ্যমান অনলাইন আমদানি রিপোর্টিং মডিউলে দু'টি পৃথক ক্ষেত্র - জাহাজ ভাড়া এবং বীমা ব্যয় অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এতদপ্রেক্ষিতে জানুয়ারী ০১, ২০১৪ তারিখ হতে আমদানি ব্যয় নিষ্পত্তি সংক্রান্ত তথ্যে এফওবি মূল্য (পণ্যের মূল্য), জাহাজ ভাড়া এবং বীমা ব্যয়, যদি থাকে পৃথক আকারে রিপোর্ট করার জন্য অনুমোদিত ডিলারদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। আলোচ্য রিপোর্ট পদ্ধতি সিএফআর ভিত্তিক আমদানি কিংবা জাহাজ ভাড়া অথবা প্রযোজ্য বীমা ব্যয়সহ আমদানি দায় পরিশোধ শর্ত সংশ্লিষ্ট প্রাধিকারভুক্ত টার্মে আমদানির ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ আব্দুল মান্নান)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩১৯